

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ  
পরিকল্পনা মন্ত্রণালয়  
বাজেট ও আর্থিক ব্যবস্থাপনা অধিশাখা।  
[www.sid.gov.bd](http://www.sid.gov.bd)

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের বাজেট ম্যানেজমেন্ট কমিটি (BMC)-র সভার কার্যবিবরণী

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের বাজেট ম্যানেজমেন্ট কমিটি (BMC) -র সভা নিম্নরূপ সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হয়:

সভাপতি	:	জনাব সৌরেন্দ্র নাথ চক্রবর্তী সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
সভার তারিখ	:	১১ জুন ২০১৯।
সময়	:	সকাল ১১.০০ টা।
স্থান	:	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সভাকক্ষ (কক্ষ নং-১১০৪)।
আলোচ্য বিষয়	:	(ক) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (APA) খসড়া অনুমোদন; (খ) বিবিধ।
উপস্থিতি	:	পরিশিষ্ট 'ক'

### ২.০ সূচনা:

সভাপতি সভায় উপস্থিত সকল-কে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জনাব বিকাশ কিশোর দাস, অতিরিক্ত সচিব, সভার আলোচ্যসূচি সভাকে অবহিত করেন। অতঃপর তিনি বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) সভায় উপস্থাপনের জন্য জনাব প্রলয় কুমার গোস্বামী, সহকারী প্রোগ্রামার, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোকে অনুরোধ জানান। এর পরিপ্রেক্ষিতে জনাব প্রলয় কুমার গোস্বামী বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (APA) খসড়া উপস্থাপন করেন।

### ৩.০ আলোচনা:

৩.১ সভায় পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ২০১৯-২০ অর্থবছরের জন্য প্রস্তুতকৃত খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ, সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ, ভবিষ্যৎ পরিকল্পনা এবং চুক্তিতে অন্তর্ভুক্ত বিভিন্ন কর্মসম্পাদন সূচকের বিপরীতে লক্ষ্যমাত্রাসমূহ আলোচনা করা হয়।

৩.২ সভায় জানানো হয় যে, গত ৩০ মে ২০১৯ খ্রি. অতিরিক্ত সচিব (প্রশাসন) এর সভাপতিত্বে ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়া প্রস্তুত সংক্রান্ত একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় মন্ত্রিপরিষদ বিভাগের কারিগরি কমিটির সুপারিশের প্রেক্ষিতে ২০১৯-২০ অর্থবছরের APA চূড়ান্তকরণের লক্ষ্যে নিম্নবর্ণিত কার্যক্রমসমূহ অন্তর্ভুক্ত করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়:

কার্যক্রম-১ : [১.১৭] জাতির পিতা বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে স্বাধীনতা পূর্ববর্তী সময় এবং স্বাধীনতার পর অর্থাৎ বর্তমান সময়ের আর্থ-সামাজিক অবস্থানের তুলনামূলক পরিসংখ্যান প্রস্তুতকরণ;

চলমান পাতা-২

(০২)

কার্যক্রম-২ : [১.১৮] সামাজিক নিরাপত্তা ব্যবস্থা জোরদারকরণে এনএইচডি এর ডাটা সরকারি প্রতিষ্ঠানে ব্যবহারের জন্য প্রস্তুতকরণ;

কার্যক্রম-৩: [১.১৯] বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক পরিচালিত শুমারি ও জরিপে ব্যবহৃত সংজ্ঞা প্রমীতকরণ; এবং

কার্যক্রম-৪ : [৩.৮] ওয়েবসাইটে বঙ্গবন্ধু কর্ণার স্থাপন।

৪.০ বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

- (ক) ৩.২ অনুচ্ছেদে বর্ণিত কার্যক্রমসমূহ ২০১৯-২০ অর্থবছরের খসড়া APA -তে অন্তর্ভুক্ত করার বিষয়ে সদস্যগণ একমত পোষণ করেন।
- (খ) ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) খসড়া সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।
- (গ) নির্ধারিত সময়ের মধ্যে অনুমোদিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৯-২০ এ বিভাগে প্রেরণ করতে হবে এবং APAMS Software এ Submit করতে হবে; এবং
- (ঘ) ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় কার্যক্রমসমূহ যথাসময়ে বাস্তবায়ন করতে হবে।

সভার আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

১৭/০৬/২০১৯

সৌরেন্দ্র নাথ চক্রবর্তী

সচিব

তারিখ: ০৪ আষাঢ় ১৪২৬  
১৮ জুন ২০১৯

নং-৫২.০০.০০.০০০০.০২১.২০.৫৩৪.১৮-২৯৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ০১। সদস্য, জিইডি, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ০২। সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
- ০৩। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
- ০৪। সচিব, আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা।
- ০৫। অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন/তথ্য ব্যবস্থাপনা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
- ০৬। মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।
- ০৭। যুগ্মসচিব (বাজেট), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
- ০৮। উপসচিব (এসডিজি সেল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
- ০৯। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
- ১০। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, সেগুন বাগিচা, ঢাকা।
- ১১। মিস আকলিমা খাতুন, উপপরিচালক, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
- ১২। জনাব মু: ওয়াহিদ মুরাদ প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।
- ১৩। জনাব প্রলয় কুমার গোস্বামী, এএমই, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।

মোসা: কামরুন্নাহার

উপসচিব

ফোন নং-৫৫০০৭০৭৮

অদ্য ১১/০৬/২০১৯ তারিখে অনুষ্ঠিত পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের বাজেট ম্যানেজমেন্ট কমিটির  
(BMC) সভায় উপস্থিত কর্মকর্তাগণের স্বাক্ষর:

ক্রঃ নং	নাম ও পদবী	বিভাগ/দপ্তর	মোবাইল/ই-মেইল	স্বাক্ষর
১.	বিক্রম সিংহ এসও			
২.	সাহেবুল হক এসসি	SID		
৩.	ড. রফিকুল হক এসসি	সিস্টেম		
৪.	মোস্তাফিজুল হক উপসচিব	SID	০১৭১৫০২৪৮৩২	
৫.	আকলিমা খাতুন উপসচিব	SID	০১৮১৬২০২৬৭৫	
৬.	শ্রী: ওয়াহিদুল হক মোস্তাফিজুল হক	SID	০১৭১৭১২৪৩১২	
৭.	ড. ম. ম. ম. ম. AME	BBS	০১৭১৯২৫৫৯৮৩	
৮.	সফিকুল হক SO	SID	০১৭৮৫১৭৫৯৫১	
৯.				
১০.				